

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৯৭৪

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী

মন্ত্রিসভার বৈঠকে অস্নাতক ও স্নাতক শিক্ষক পদ সৃষ্টির সিদ্ধান্ত



রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে ১,৫৬৬ টি অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদ সৃষ্টির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরমধ্যে রয়েছে ১,০৯৯টি অস্নাতক শিক্ষক পদ এবং ৪৬৭টি স্নাতক শিক্ষক পদ। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান। তিনি জানান, গতকাল মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই অস্নাতক ও স্নাতক শিক্ষকের পদগুলি সৃষ্টি করে নিয়োগ প্রক্রিয়া টিআরবিটি'র মাধ্যমে সম্পন্ন করা হবে। তাছাড়াও গতকাল মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের ১২৫টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের জন্য ১১২ জন স্পেশাল এডুকেটর নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফিল্ড-পে ভিত্তিতে তাদের নিয়োগ করা হবে। সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী আরও জানান, গ্রামোন্নয়ন দপ্তরে ১৯৮ জন জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিগ্রী-১০৫ ও ডিপ্লোমা-৯৩) নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে মন্ত্রিসভার বৈঠকে। টিপিএসসি'র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

\*\*\*\*\*